কালের কণ্ঠ

তারিখ ... 26 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 8 ... ......

# শিক্ষার্থীদের বিষয়ে সতর্ক থাকুন : রাষ্ট্রপতি

কালের কণ্ঠ ডেস্ক ▷

নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ব্যাপারে সতর্ক থাকতে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি শিক্ষার্থীদের অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে তাদের জন্য কাউন্সেলিংয়ের ব্যবস্থা রাখারও পরামর্শ দেন।

গতকাল সোমবার বঙ্গভবনে বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য ও রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মিজানউদ্দিন ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম আলাদাভাবে সৌজন্য সাক্ষাৎ করতে এলে রাষ্ট্রপতি এ সব কথা বলেন। পরে রাষ্ট্রপতির প্রেসসচিব জয়নাল আবেদিন এ বিষয়ে সাংবাদিকদের বিস্তারিত জানান।

উপাচার্যদের সঙ্গে আলাপকালে রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়গুলোকে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার নির্দেশ দেন, যাতে শিক্ষার্থীরা আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রতিযোগিতা করতে পারে।

সাক্ষাৎকালে অধ্যাপক সাইফুল ইসলাম তাঁকে বুয়েটের উপাচার্য পদে নিযুক্ত করায় রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা জানান এবং দায়িত্ব পালনকালে তিনি রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। অন্যদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রাষ্ট্রপতিকে বিশ্ববিদ্যালয়ের আগামী সমাবর্তনে সভাপতিত্ব করার জন্য আমন্ত্রণ জানান। সূত্র : বাসস।